# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ব্লক-জি, লেভেল-৬,
৭২ গ্রীনরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০১৫
ই-মেইলঃ director_cpc@yahoo.com

Office of the Superintending Engineer
Contract & Procurement Cell
Pani Bhaban, Block-G, Level-6
72 Green Road, Dhaka-1205
Phone: 02222230015
E-mail: dir.cpc@ bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-২৬৮ তারিখঃ ২৮/০৮/২০২২ খ্রিঃ

## সার্কুলার

**বিষয়ঃ ই-জিপি সিস্টেমে টেন্ডারার ডেটাবেজ (TDB) সংযুক্তকরণ প্রসঙ্গে।**

সিপিটিইউ এর স্মারক নং-২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০(অংশ-১).১৭.১২৯৭ তারিখঃ২৮.০৪.২০২২খ্রিঃ অনুযায়ী ই-জিপিতে ক্রয়-প্রক্রিয়া সহজ ও গতিশীল করা এবং দরপত্র মূল্যায়ন সহজ করার লক্ষ্যে ই-জিপি সিস্টেমে টেন্ডারার ডেটাবেজ (TDB) অন্তর্ভুক্ত করা হয়েছে **(কপি সংযুক্ত)**। টেন্ডারার ডেটাবেজ এর মাধ্যমে টেন্ডারারগণ তাঁদের কাজের অভিজ্ঞতা, অর্থ পরিশোধের সনদ, যন্ত্রপাতি, লোকবল, এওয়ার্ড/সার্টিফিকেশন/এফিলিয়েশন এবং মামলা-মোকদ্দমা সংক্রান্ত তথ্যাদি ই-জিপি সিস্টেমে (e-GP System) সংরক্ষণ করতে পারবে। ক্রয়কারীগণও টেন্ডারারদের কাজের অভিজ্ঞতা, অর্থ পরিশোধের সনদ এবং মামলা-মোকদ্দমা সংক্রান্ত তথ্যাদি ই-জিপি সিস্টেমে অন্তর্ভুক্ত করতে পারবে। টেন্ডারারগণ ডেটাবেজে সংরক্ষিত তথ্যাদি ব্যবহার করে দরপত্র প্রস্তুত করতে পারবে এবং পরবর্তীতে দরপত্র মূল্যায়ন কমিটি সংরক্ষিত তথ্যাদি ব্যবহার করে দরপত্র মূল্যায়ন করতে পারবে।

০২। টেন্ডারার ডেটাবেজে টেন্ডারারগণের সকল তথ্য ০৮(আট) টি অংশে বিভক্ত করা হয়েছে যথা- কাজের অভিজ্ঞতা, অর্থ পরিশোধের সনদ, যন্ত্রপাতি, লোকবল এওয়ার্ড/সার্টিফিকেশন/এফিলিয়েশন, মামলা-মোকাদ্দমা, টার্নওভার এবং ডিবারমেন্ট। টেন্ডারারগণ ম্যানুয়াল ও ই-জিপিতে আহবানকৃত দরপত্রের সকল চুক্তির চলমান ও সম্পাদিত কাজের অভিজ্ঞতা, অর্থ পরিশোধের সনদ ও মামলা-মোকদ্দমার তথ্য পুরণপূর্বক টেন্ডারার ডাটাবেজে সংরক্ষণ করবে এবং অনুমোদনের জন্য সংশ্লিষ্ট ক্রয়কারী বরাবর প্রেরণ করবে। ক্রয়কারী টেন্ডারারকে তার কাজের গুণগতমানের উপর ভিত্তি করে রেটিং প্রদানপূর্বক অনুমোদন সাপেক্ষে উক্ত তথ্যাদি টেন্ডারার ডেটাবেজে চূড়ান্তভাবে যুক্ত হবে।

০৩। ই-জিপি সিস্টেমে চুক্তি ব্যবস্থাপনা (e-CMS) ব্যবহার করে সম্পাদিত চুক্তিসমূহের ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা ও অর্থ পরিশোধের সনদ স্বয়ংক্রিয়ভাবে টেন্ডারার ডেটাবেজে চূড়ান্তভাবে যুক্ত হবে। টেন্ডারারগণের প্রাপ্ত অর্থ পরিশোধের সনদ -এর উপর ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে টার্নওভার তৈরি হবে এবং ই-জিপি সিস্টেমের ডিবারমেন্ট মডিউল থেকে ডিবারমেন্টের তথ্য স্বয়ংক্রিয়ভাবে টেন্ডারার ডেটাবেজে যুক্ত হবে।

০৪। বর্ণিত পদ্ধতি সংক্রান্ত User Manual ই-জিপি সিস্টেমে সংশ্লিষ্ট User এর Dashboard এ সংযুক্ত রয়েছে। এ বিষয়ে প্রয়োজনে ই-জিপি হেল্পডেস্ক এ যোগাযোগ করা যেতে পারে।

০৫। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই সার্কুলার জারী করা হলো।

২৮/০৮/২০২২
(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
বাপাউবো, ঢাকা।

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-২৬৮ তারিখঃ ২৮/০৮/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা/প্রশাসন/অর্থ, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী (সকল) ........................................................., বাপাউবো।
৩. প্রকল্প পরিচালক (সকল)........................................................, বাপাউবো।
৪. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক (সকল) ...................................বাপাউবো।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ঢাকা (সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. নির্বাহী প্রকৌশলী (সকল) ..................................................., বাপাউবো।
৮. উপ-পরিচালক(অহিনি)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী পরিচালক (অহিনি)..........., র‍্যাক, বাপাউবো।
৯. দপ্তর কপি।

২৮.০৮.২২
(মোঃ হালিম সালেহী)
নির্বাহী প্রকৌশলী (পুর)
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা
পরিচিতি নাম্বারঃ ৮৭০১০১০০১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
Tel. +8811 9100-01, Fax 9144963, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

"শেখ হাসিনার উপহার ইলেকট্রনিক টেন্ডার"

২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০ (অংশ-১).১৭.১২৯৭

তারিখঃ ১৫ বৈশাখ ১৪২৯ / ২৮ এপ্রিল ২০২২

**বিষয়ঃ ই-জিপি সিস্টেমে টেন্ডারার ডেটাবেজ (TDB) সংযুক্তকরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, ই-জিপি সিস্টেমে টেন্ডারার ডেটাবেজ অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মাধ্যমে টেন্ডারারগণ তাঁদের কাজের অভিজ্ঞতা, অর্থ পরিশোধের সনদ, যন্ত্রপাতি, লোকবল, এওয়ার্ড/সার্টিফিকেশন/এফিলেয়েশন এবং মামলা-মোকদ্দমা সংক্রান্ত তথ্যাদি ই-জিপি সিস্টেমে সংরক্ষণ করতে পারবে।

০২। প্রয়োজনানুযায়ী ক্রয়কারীগণও টেন্ডারারদের কাজের অভিজ্ঞতা, অর্থ পরিশোধের সনদ এবং মামলা-মোকদ্দমা সংক্রান্ত তথ্যাদি ই-জিপি সিস্টেমে অন্তর্ভুক্ত করতে পারবে। উল্লেখ্য, ই-জিপিতে ক্রয় প্রক্রিয়া সহজ ও গতিশীল করার জন্য টেন্ডারার ডেটাবেজে সংরক্ষিত তথ্যাদি ব্যবহার করে টেন্ডারারগণ পরবর্তীতে দরপত্র প্রস্তুত করতে পারবে। এ ছাড়া দরপত্র মূল্যায়ন সহজ করার লক্ষ্যে পরবর্তীতে দরপত্র মূল্যায়ন কমিটি সংরক্ষিত তথ্যাদি ব্যবহার করে দরপত্র মূল্যায়ন করতে পারবে।

০৩। টেন্ডারার ডেটাবেজে টেন্ডারারগণের সকল তথ্য আটটি অংশে বিভক্ত করা হয়েছে; যথা- কাজের অভিজ্ঞতা, অর্থ পরিশোধের সনদ, যন্ত্রপাতি, লোকবল, এওয়ার্ড/সার্টিফিকেশন/এফিলেয়েশন, মামলা-মোকদ্দমা, টার্নওভার এবং ডিবারমেন্ট। টেন্ডারারগণ ম্যানুয়াল ও ই-জিপিতে আহ্বানকৃত দরপত্রের মাধ্যমে সম্পাদিত সকল চুক্তির চলমান ও সম্পাদিত কাজের অভিজ্ঞতা, অর্থ পরিশোধের সনদ ও মামলা-মোকদ্দমার তথ্য পূরণপূর্বক টেন্ডারার ডাটাবেজে সংরক্ষণ করবে এবং অনুমোদনের জন্য সংশ্লিষ্ট ক্রয়কারী বরাবর প্রেরণ করবে। ক্রয়কারীর অনুমোদন সাপেক্ষে উক্ত তথ্যাদি টেন্ডারার ডেটাবেজে চূড়ান্তভাবে যুক্ত হবে।

০৪। ক্রয়কারী কাজের অভিজ্ঞতা অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট টেন্ডারারকে তাঁর কাজের গুণগত মানের উপর ভিত্তি করে একটি কাজের রেটিং প্রদান করবে। ক্রয়কারীগণও টেন্ডারারগণের উক্ত তথ্যাদি সরাসরি টেন্ডারার ডেটাবেজে চূড়ান্তভাবে যুক্ত করতে পারবে। ই-জিপি সিস্টেমে চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি (e-CMS) ব্যবহার করে সম্পাদিত চুক্তিসমূহের ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা ও অর্থ পরিশোধের সনদ স্বয়ংক্রিয়ভাবে টেন্ডারার ডেটাবেজে যুক্ত হবে।

০৫। টেন্ডারারগণ তাঁদের যন্ত্রপাতি, লোকবল এবং এওয়ার্ড/সার্টিফিকেশন/এফিলেয়েশন -এর তথ্যাদি টেন্ডারার ডেটাবেজে যুক্ত করতে পারবে।

০৬। টেন্ডারারগণের প্রাপ্ত অর্থ পরিশোধের সনদ -এর উপর ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে টার্নওভার তৈরি হবে। ই-জিপি সিস্টেমের ডিবারমেন্ট মডিউল থেকে ডিবারমেন্টের তথ্য স্বয়ংক্রিয়ভাবে টেন্ডারার ডেটাবেজে যুক্ত হবে।

০৭। ই-জিপি সিস্টেম ব্যবহারকারীদের সুবিধার্থে এতৎসঙ্গে একটি Process Flow Document প্রেরণ করা হলো (সংযুক্ত)। বর্ণিত পদ্ধতি সংক্রান্ত ইউজার ম্যানুয়াল ই-জিপি সিস্টেমের সংশ্লিষ্ট ইউজারের ড্যাশবোর্ডে সংযুক্ত করা হয়েছে। অধিকন্তু, এ বিষয়ে সকল সহযোগিতার জন্য ই-জিপি হেল্পডেস্ক (২৪/৭) -এর ১৬৫৭৫ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৮। [illegible] প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ক্রয়কারী এবং টেন্ডারারগণকে অনুরোধ করা হলো।

পানি সম্পদ মন্ত্রণালয়
যুগ্ম-সচিব (প্রশাঃ)এর দপ্তর
প্রশাসন-১ / প্রশাসন-২ / প্রশাসন-৩ (সেবা) / প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট / অন্যান্য / আইন
উপস্থাপন করুন / প্রয়োজনীয় ব্যবস্থা নিন / মন্তব্যসহ উপস্থাপন করুন / জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন / নথিভুক্ত করুন
নম্বর ৫৫৮
তারিখ ১৭/৭/২২ স্বাক্ষর

পানি সম্পদ মন্ত্রণালয়
সিনিয়র সচিবের দপ্তর
অতিরিক্ত সচিব (প্রঃ) / অতিরিক্ত সচিব (উঃ) / যুগ্ম-সচিব (প্রঃ-১) / যুগ্ম-সচিব (প্রঃ-২) / যুগ্ম-সচিব (উঃ-১) / যুগ্ম-সচিব (উঃ-২) / যুগ্ম-সচিব (বাজেট) / যুগ্ম-প্রধান / সচিবের একান্ত সচিব
উপস্থাপন করুন / প্রয়োজনীয় ব্যবস্থা নিন / মন্তব্যসহ উপস্থাপন করুন / জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন / নথিভুক্ত করুন
নম্বর ২৮৭০
তারিখ ১৭-৭-২২ স্বাক্ষর

(স্বাক্ষরিত) ২৮.৪.২০২২
মোঃ শোহেলের রহমান চৌধুরী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
সিপিটিইউ, আইএমইডি
পরিকল্পনা মন্ত্রণালয়।

২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০ (অংশ-১).১৭.১২৯৭

তারিখঃ ১৫ বৈশাখ ১৪২৯ / ২৮ এপ্রিল ২০২২

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/ সচিব/ ------------------------ মন্ত্রণালয়/ বিভাগ।
৩. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান, ------------------------ ।
ক্রয়কারী সংস্থা ................................ক্রয়কারী সংস্থা (সকল)- ঠিকাদারদের বিষয়টি অবহিত করার অনুরোধসহ।

পানি সম্পদ মন্ত্রণালয়
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
যুগ্ম-সচিব (প্রশাসন) / যুগ্ম-সচিব (বাজেট/অডিট) / উপসচিব (প্রশাসন) / উপ-সচিব (বাজেট/অডিট) / সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার / সহকারী/সিনিয়র সহকারী সচিব / অন্যান্য
উপস্থাপন করুন / প্রয়োজনীয় ব্যবস্থা নিন / মন্তব্যসহ উপস্থাপন করুন / জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন / নথিভুক্ত করুন
নম্বর ৬৫৮
তারিখ ১৭/৭/২২ স্বাক্ষর

৪. প্রেসিডেন্ট, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারস অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ [illegible]
৫. প্রেসিডেন্ট, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এমসিসিআই) [illegible] কমার্শিয়াল এরিয়া, ঢাকা।
৬. প্রেসিডেন্ট, বাংলাদেশ ওইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, হাউজ নং [illegible] ০১, ঢাকা-১২১২।
৭. প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), [illegible] পশ্চিম), ১২ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৮. সভাপতি, বাংলাদেশ গভর্ণমেন্ট টেন্ডারার্স ফোরাম (বিজিটিএফ), সকল জেলা, বাংলাদেশ।
৯. প্রেসিডেন্ট, ডিস্ট্রিক্ট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, (সকল জেলা)।
১০. প্রেসিডেন্ট, বাংলাদেশ এসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রি (বিএসিআই), হাউজ# ৪৩, রোড# ১৬ (পুরাতন ২৭), ধানমন্ডি, ঢাকা।

<u>সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫. অফিস কপি/ সার্কুলার ফাইল/ গার্ড ফাইল।

২৮.০৪.২০২২

মোঃ আক্তুর রহমান, পিএইচ.ডি.
পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ ৯১৮০৮৪৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০৩২.০০৫.০২.০৬.০০৪.২০১৭.৫৩৭ তারিখ: ১১ শ্রাবণ ১৪২৯
২৬ জুলাই ২০২২

বিষয়: **ই-জিপি সিস্টেমে টেন্ডারার ডেটাবেজ (TDB) সংযুক্তকরণ।**
সূত্র: ২১.০০.০০০০.৩৭০.৯৯.৮৭০(অংশ-১).১৭.১২৯৭; তারিখ: ২৮ এপ্রিল ২০২২।

উপর্যুক্ত বিষয়ে পরিকল্পনা মন্ত্রণালয় হতে প্রাপ্ত সূত্রস্থ পত্রের ছায়ালিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ৩০ পাতা।

২৬-৭-২০২২
আ স ম সুজা
সহকারী সচিব
ফোন: ৯৫৪৫১৩২
ইমেইল: admin3@mowr.gov.bd

পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান

স্মারক নম্বর: ৪২.০৩২.০০৫.০২.০৬.০০৪.২০১৭.৫৩৭/১(৫) তারিখ: ১১ শ্রাবণ ১৪২৯
২৬ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৬-৭-২০২২
আ স ম সুজা
সহকারী সচিব